দামুড়হুদায় শত্রুতাকরে জমির ধান বিনষ্ট করার অভিযোগ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গা গ্রামে খালের ধারে বোরিং মাঠে পূর্ব শত্রুতার জের ধরে তিন বিঘা জমির বোরো মৌসুমের ইরিধান মই দিয়ে ও হাত দিয়ে উপড়ে ফেলে বিনষ্ট করার অভিযোগ উঠেছে।

জমির মালিক কানাইডাঙ্গা গ্রামের পূর্বপাড়ার মৃত: ইলাহী মন্ডলের ছেলে হায়াত আলী জানান তিন বিঘা আমাদের শরিকানা জমি। আমি সহ আমাদের গোষ্ঠির লোকজনের কানাইডাঙ্গা ৩৬ নং মৌজার ২৯২ খতিয়ানে ২০১ ও ২৯৭ দাগে আমাদের পৈত্রিক সুত্রে তিন বিঘা জমি আমরা দীর্ঘবছর থেকে ভোগদখল করে চাষাবাদ করে আসছি। জমিটির সিএস,এস এ,আর এস সব রেকর্ড আমাদের নামে। গতকাল শুক্রবার রাতে কানাইডাঙ্গা গ্রামের হবি মোল্লার ছেলে সিদ্দিক ও করিম পালের ছেলে কামরুল মিলে আমাদের জমিতে অনাধিকার প্রবেশ করে পুরো ধান মই দিয়ে বিনষ্ট করেছে।

আজ শনিবার সকালে জমিতে গিয়ে দেখেন পুরো জমির ধান উপড়ে কাদায় পুঁতে ফেলেছে। এতে করে আমাদের প্রায় ৮০ হাজার টাকার মত ক্ষয়ক্ষতি সাধিত হয়েছে। দশ দিন আগে লাগানো ধান এভাবে ক্ষতি করায় তারা মাঠে গিয়ে কান্নায় ভেঙ্গে পড়েন। তারা বলেন সিদ্দিকদের সাথে দীর্ঘবছর ধরে আমাদের জমি নিয়ে মামলা চলে আসছে তাই তারা এ ক্ষতি সাধিত করেছে।

এ বিষয়ে জানতে কামরুলের সাথে কথা বললে তিনি জানান জমিটি নিয়ে মামলা চলছে। আমরা উভয়পক্ষ কয়েকবার মিলে থানাতেও বসেছি। তাও সমাধান আসেনি। তাই আমরা বলেছি জমির সমাধান না হওয়া পর্যন্ত জমিতে যাওয়া যাবেনা। তাদের ধান লাগাতেও বারন করি। তারা বারন না শুনে ধান লাগানোই আমরা গিয়ে ধান গাছ তুলে দিয়েছি। এ বিষয়ে হায়াত আলী গং বাদী হয়ে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে মামলার প্রস্ততি নিচ্ছেন বলে জানা গেছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের অভিযানে ইয়াবাসহ গ্রেফতার ২

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ কর্তৃক মাদক বিরোধী অভিযানে ৫৪ (চুয়ান্ন) পিস ইয়াবা ট্যাবলেট ও ০১টি মোবাইল ফোন উদ্ধার সহ দুই জনকে গ্রেফতার করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা দিকনির্দেশনায় চুয়াডাঙ্গা থানা এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জের নেতৃত্বে এসআই(নিঃ) মোঃ মাসুদ রানা সংগীয় অফিসার ফোর্সসহ চুয়াডাঙ্গা থানা এলাকায় মাদক বিরোধী বিশেষ অভিযানে আজ শনিবার বিকাল পাঁচটার সময় চুয়াডাঙ্গা থানাধীন আলুকদিয়া ইউনিয়নের ভালাইপুর নিকস্থ জনৈক মুক্তার মিয়ার SBM-2 ইট ভাটার প্রবেশ গেটের সামনে কাঁচা রাস্তার উপর হতে আলমডাঙ্গা থানার ভালাইপুর মাঝের পাড়ার রবিউল ইসলামের ছেলে আসামি মানিক হোসেন(২৫) ও চুয়াডাঙ্গা সদর থানার হুচুকপাড়ার তৈয়ব আলীর ছেলে আসামি মোঃ মইনুল হোসেন(২৭) কে ৫৪ (চুয়ান্ন) পিস অবৈধ মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেট ও ০১টি মোবাইল ফোনসহ হাতেনাতে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে চুয়াডাঙ্গা থানায় মাদক আইনে নিয়মিত মামলা রুজু হয়।

আলমডাঙ্গায় সিদ্দিকীয়া আলিম মাদ্রাসার সংবর্ধনা সভায় এমপি ছেলুন

আলমডাঙ্গা সিদ্দিকীয়া আলিম মাদ্রাসার আয়োজনে ৪র্থ বারের নির্বাচিত জাতীয় সংসদ সদস্য বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনকে সংবর্ধনা, দাখিল, আলিম ও এসএসসি (ভোক)-

২০২৪ পরীক্ষার্থীদের বিদায় ও বার্ষিক ক্রীড়া পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বেলা ১১ টায় আলিম মাদ্রাসা প্রাঙ্গণে অনুষ্ঠিত এ সংবর্ধনা, দাখিল, আলিম ও এসএসসি (ভোক)-২০২৪ পরীক্ষার্থীদের বিদায় ও বার্ষিক ক্রীড়া পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ও ১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, তিনি বলেন,আমরা প্রায় বলে থাকি শিক্ষাই জাতীর মেরুদন্ড,তাইতো শিক্ষার কোন বিকল্প নেই।ফব্রুয়ারী মাস হচ্ছে ভাষার মাস,পৃথীবির খুব কম দেশ আছে,যারা ভাষার জন্য জীবন দিয়েছে,কিন্ত বাঙলার দামাল ছেলেরা বুকের রক্ত দিয়ে তাদের ভাষার দাবি ছিনিয়ে এনেছিল,১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারী আমরা আন্তর্জাতিক ভাষা দিবস হিসেবে পালন করে থাকি।সেদিন পত্রিকায় দেখলাম হাইকোর্টের একজন বিচারপতি গত ১ ফেব্রুয়ারী একটি বিচারের রায় বাংলায় লিখেছেন,আমি এই সভা থেকে উনাকে আমি শ্রদ্ধা জানাচ্ছি।বর্তমানে একজন শ্রমিক,পা ফাটা কৃষক,ভ্যানচালক সকলেই কিন্ত তার সন্তানকে শিক্ষিত করতে চাই।তবে আমি শিক্ষকদের বলব,আপনারা কিন্ত লক্ষ রাখবেন তারা ঠিক মত লেখা পড়া করছে কিনা না।তাদের প্রতি খেয়াল রাখতে হবে।আর একটা কথা তোমাদের বলতে চাই,লেখাপড়ার পাশাপাশি তোমরা খেলা ধুলা শিখবে,এতে তোমাদের শরীর ও মন দুটোই ভাল থাকে। একজন খেলোয়াড়ের জন্য পৃথিবীর সমস্ত মানুষ সেই দেশকে চিনে থাকে,যেমন আর্জেন্টিনার মেসির জন্য তোমরা আর্জেন্টিনাকে চিনেছো,খেলার সময় সেই দেশের পতাকা এই দেশে টাঙাচ্ছো,পেলের জন্য ব্রাজিল কে চিনেছি,বাংলাদেশের ছেলে,মেয়েরা ক্রীকেট ভাল খেলে,সাকিব আল হাসানের জন্য বিশ্বের মানুষ কিন্ত বাংলাদেশকে নতুন করে চিনছে।সুশিক্ষায় শিক্ষিত হতে হলে শুধু পুথিগত বিদ্যায় পারদর্শী হলে চলবে না,পুথিগত বিদ্যার পাশাপাশি তোমাদের অন্যান্য বিষয়ে জ্ঞান অর্জন করতে হবে।তবে,তোমাদের বিজ্ঞান বিষয়ে পারদর্শি হতে হবে। বিশ্বের অন্যান্য দেশের সাথে তালে তাল মিলিয়ে চলতে হলে বিজ্ঞান শিক্ষার বিকল্প নেই।

আলমডাঙ্গা সিদ্দিকীয়া আলিম মাদ্রাসার পরিচালনা পরিষদের সভাপতি ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।

অন্যান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন, জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, ঠান্ডু রহমান, সাবেক উপ প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, যুগ্নসাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু, আলমডাঙ্গা থানার ওসি (ভারপ্রাপ্ত) শেখ গণি মিয়া, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, ডাউকি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও চেয়ারম্যান তরিকুল ইসলাম, খাদেমপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও চেয়ারম্যান মোজাহিদুর রহমান জোয়ার্দ্দার লোটাস, কুমারী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাসানুজ্জামান হান্নান, বাড়াদি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মকবুল হোসেন, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদিন, নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার, আলমডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান।

সংবর্ধনা অনুষ্ঠানটি পরিচালনা করেন আলমডাঙ্গা আলিম মাদ্রাসার অধ্যক্ষ সিরাজুল ইসলাম ও শিক্ষক মহাসিন কামাল।

দামুড়হুদার সুবুলপুরে গৃহবধূর আত্ম*হ*ত্যা

দামুড়হুদা উপজেলার সুবুলপুর গ্রামে এক গৃহবধূ গলায় ওড়না পেচিয়ে আত্মহত্যা করেছেন। দামুড়হুদা মডেল থানার পুলিশ গৃহবধূর লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করেন । গৃহবধূ চাঁদনি খাতুন (২১) মেহেরপুর জেলার মোনাখালি গ্রামের বাবর আলির মেয়ে। চাঁদনির বাবার দাবি তার মেয়েকে হত্যা করা হয়েছে।

আজ শনিবার রাত ১টার দিকে তার স্বামীর বাড়িতে গলায় ওড়না পেচিয়ে আত্মহত্যা করে। পরে খবর পেয়ে সকাল ৯ টার দিকে দামুড়হুদা মডেল থানার পুলিশ গৃহবধুর লাশ উদ্ধার করেন।

জানাযায়, মেহেরপুর জেলার মোনাখালি গ্রামের বাবর আলির মেয়ে চাঁদনি খাতুনের সাথে প্রায় তিন বছর পৃর্বে দামুড়হুদা উপজেলার সুবুলপুর গ্রামের মোবারকের ছেলে আলামিনের সাথে বিবাহ হয়। পরে তার কোল জুড়ে একটি ফুটফুটে ছেলে সন্তান হয়। এই সন্তান হওয়ার পর থেকেই স্বামী শাশুর-শাশুড়ী সাথে মাঝে মাঝে কলহ্যর সৃষ্টি হয়। তারই জের ধরে স্বামীর নিজ ঘরে গলায় ওড়না পেচিয়ে আত্মহত্যা করতে পারে বলে এলাকাবাসীর ধারণা। এদিকে মেয়ের পরিবারের ধারণা তার মেয়েকে পরিকল্পিত ভাবে হত্যা করা হয়েছে।

মেয়র বাবা বাবর আলি বলেন,আমার মেয়েকে এখানে বিয়ে দেওয়ার কোন ইচ্ছা ছিল না জোর করেই মেয়ে তারা নিয়েছে। আর বিয়ের পর থেকে জামায় শাশুর ও শাশুড়ীর সাথে ঝগড়া লেগেই থাকে। আমার মেয়ে আত্মহত্যা করতে পারে না। আমার মেয়েকে তারা হত্যা করেছে। এর সুষ্ঠু বিচার চাই।

দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শেখ মহাবুবুর রহমান সতত্য নিশ্চিত করে বলেন, একজন গৃহবধূ আত্মহত্যা করেছে শুনার পর আমরা ঘটনাস্থান থেকে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গায় সদর হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে। একটি অপমৃত্যু মামলা হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট না আসা পযন্ত কিছুই বলা যাচ্ছে না।

চুয়াডাঙ্গায় গাঁজাসহ চাষী আটক

চুয়াডাঙ্গা সদর উপজেলার বড়শলুয়া গ্রামে চিত্রা নদীর পাড় সংলগ্ন নিজ জমিতে অন্যন্য ফসলের সাথে দুইটি গাঁজা গাছসহ হাবিবুর রহমান ওরফে হাবুলকে (২৮) আটক করেছে দর্শনা থানা পুলিশ। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার বড়শলুয়া গ্রামের নজির ফকিরের ছেলে।

জানা যায়, শনিবার ৩ ফেব্রুয়ারি বিকাল সাড়ে ৩ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায়

বড়শলুয়া চিত্রা নদীর ধারে হাবুলের নিজ জমিতে।

এ সময় দর্শনা থানার এস আই তারেক হাসান সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালিয়ে তরতাজা অবৈধ মাদকদ্রব্য দুইটি গাঁজা গাছ উদ্ধার করে। সেই সাথে হাবিবুর রহমান হাবুল কে গ্রেফতার করে।গাঁজা গাছ দুইটির আনুমানিক বাজার মৃল্য ৪৪ হাজার টাকা। আগামীকাল তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করা হবে।

মেয়ের বিবাহবার্ষিকীতে স্বামী- স্ত্রীর মারামারি, অভিমানে পিতার আত্ন*হ*ত্যা

মেয়ের বিয়ের বিবাহ বার্ষিকীর কেক কাটাকে কেন্দ্র করে স্ত্রীর উপর অভিমান করে রায়হান উদ্দিন (৪৫) নামের এক ব্যক্তি গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছেন। ঘটনাটি ঘটেছে জেহালা ইউনিয়নের গড়গড়ি ঘোষপাড়া নামক এলাকা।

এ ঘটনায় আজ শুক্রবার বিকেলে রায়হানের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালে প্রেরণ করেছে পুলিশ। নিহত রায়হান উদ্দিন গড়গড়ি ঘোষপাড়ার ইসলামের ছেলে।

পরিবারের সদস্যরা জানান, বৃহস্পতিবার রাতে বড় মেয়ের বিবাহবার্ষিকী উপলক্ষে কেক কাটার আয়োজন করে পরিবারের সদস্যরা। রাতে কেক কাটাকে কেন্দ্র করে রায়হান ও তার স্ত্রী সুলেখার মধ্যে তর্কবিতর্ক ও মারামারির ঘটনা ঘটে। সেই রাতেই স্ত্রী সুলেখা তার বাপের বাড়ি চলে যান। পরের দিন দুপুরে স্বামী আত্মহত্যা করেছেন শুনে আবার ওই রাতেই শ্বশুর বাড়ি চলে আসেন।

স্থানীয়রা জানান, রায়হান বিভিন্ন এনজিও এবং মানুষের কাছে টাকা নিয়ে ঋণগ্রস্থ হয়ে পড়েছিলেন। এ নিয়ে প্রায় সময় তার স্ত্রীর সঙ্গে ঝগড়াঝাটি হতো। একই কারণে আগেও যে কয়েকবার আত্মহত্যার চেষ্টা

চালিয়ে ব্যর্থ হয়।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) শেখ গণি মিয়া জানান, তিনি ঋণগ্রস্থ ছিলেন। এতে পারিবারিক কলহের জেরে তার স্ত্রী বাপের বাড়ি চলে যায়। এরই জের ধরে আত্মহত্যা করেছেন বলে প্রাথমিক তদন্তে জানা গেছে। ময়নাতদন্তের প্রতিবেদন আসলে বিস্তারিত জানা যাবে এটা হত্যা নাকি আত্মহত্যা।

দর্শনায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত ও ২০ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত পরোয়ানাভুক্ত আসামি রবিন মোল্লা ওরফে রবিউল ইসলামকে (৩৮) গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

সে দর্শনা পৌর এলাকার দক্ষিণ চাঁদপুর গ্রামের হল্ট স্টেশন পাড়ার রহমান মোল্লার ছেলে।

আজ শুক্রবার (২ ফেব্রুয়ারি) সকাল ১০টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানা পুলিশ এ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান (পিপিএম-সেবা) জানান, দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহার নেতৃত্বে এ এস আই বশির আহম্মেদ গোপন সংবাদের সঙ্গীয় ফোর্সসহ দর্শনা থানাধীন দক্ষিন চাঁদপুর হল্ট স্টেশন পাড়ার এলাকায় ছদ্মবেশ ধারণ করে অভিযান পরিচালনা করে। এসময় পুলিশ ঢাকা বিমান বন্দর থানার ৬৫(০৫)২০১৬ নাম্বার মামলায় বিজ্ঞ আদালতের ৩০ জানুয়ারি ২০২৪ সালের রায়ে যাবজ্জীবন সাজাপ্রাপ্ত এবং ২০ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত গ্রেফতারী পরোয়ানাভুক্ত আসামি রবিন মোল্লা রবিউল ইসলামকে গ্রেফতার করতে সক্ষম হয়।

দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা গ্রেফতারকৃত ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, শুক্রবার দুপুরে তাকে চুয়াডাঙ্গা বিজ্ঞ

আদালতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদা লোকনাথপুরে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আহত ২

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর পশ্চিমপাড়া বাইপাশ সড়কে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ২ জন মারাত্মক ভাবে আহত হয়েছে।

আজ শুক্রবার বিকাল সাড়ে ৪ টার দিকে এ দূর্ঘটনা ঘটে। আহত ব্যক্তিরা হলো, দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা গ্রামের

রওশন আলি’র ছেলে মোঃ ফরহাদ হোসেন (২৮) এবং একই উপজেলার জয়রামপুর মাঠ পাড়ার মো: নজরুল ইসলাম নজু’র ছেলে আশিক (২০)।

স্থানীয় সুত্রে জানাগেছে, আজ বিকালে উপজেলার কানাইডাঙ্গা গ্রামের রওশনালীর ছেলে ফরহাদ হোসেন একই উপজেলার ডুগডুগি বাজার থেকে নিজস্ব মোটরসাইকেল যোগে নিজ বাড়ি কানাইডাঙ্গা যাওয়ার সময় লোকনাথপুর পশ্চিমপাড়া বাইপাস সড়কে পৌঁছালে অপর দিক থেকে আসা আর একটি মোটরসাইকেলের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। ফলে ফরহাদ হোসেনের ডান পা ভেঙে যায় এবং অপর মোটরসাইকেল চালক আশিক গুরুতর আহত হয়। ঘটনাস্থলে উপস্থিত লোকজন ও দর্শনা ফায়ার সার্ভিস কর্মীরা আহত ২ জনকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। দুজনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ফরহাদ হোসেনকে ভর্তি রাখেন। অপর মোটরসাইকেল চালক আশিককে উন্নত চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যান।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির বলেন,কারো পক্ষ থেকে কোন অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

আলমডাঙ্গায় নেতাকর্মীদের সাথে এমপি ছেলুন জোয়ার্দ্দারের মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গার বধ্যভূমি পরিদর্শন ও নেতাকর্মিদের সাথে মত বিনিময় করেছেন।

তিনি আজ বৃহস্পতিবার বিকেলে বধ্যভূমিতে এসে বধ্যভূমি পরিদর্শন শেষে মত বিনিময় করেন।

মতবিনিময় কালে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,আওয়ামীলীগ হলো মাটি ও মানুষের সংগঠন। এ সংগঠনের তৃণমূলের কর্মিরা হলো অত্যন্ত নিবেদিত। তাদের তেমন কোন চাওয়া পাওয়া নেই। তারা আওয়ামীলীগকে হৃদয়ে ধারণ করে। যার প্রমাণ তারা বার বার দিয়েছে। এবারের নির্বাচনেও তারা আওয়ামী লীগকে ভালোবেসে, শেখ হাসিনার প্রতি আস্তা রেখে নৌকায় ভোট দিয়ে আমাকে আবারও নির্বাচিত করেছে। তাদের এই ভালোবাসার ঋণ শোধ হবার নয়। তৃণমূলের নেতাকর্মিদের নৌকার প্রতি যে আস্তা তার প্রতিদান আমাদের দিতে হবে।

তিনি বলেন, বঙ্গবন্ধু এই দেশকে সোনার বাংলা গড়ে তোলার যে স্বপ্ন দেখতেন তাঁর সেই স্বপ্ন আজ বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা বাস্তবায়নে কাজ করে যাচ্ছেন। আমাদেরকেও মানুষের কল্যাণে কাজ করতে হবে। দুঃখি মানুষের পাশে দাঁড়াতে হবে।

মতবিনিময় কালে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী, জেলা আওয়ামীলীগের সাবেক সদস্য নুরুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, পৌর আওয়ামীলীগ নেতা আমিনুল ইসলাম অপু মোল্লা, সাবেক পৌর সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম,সাবেক উপপ্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, আওয়ামীলীগ নেতা বিশিষ্ট ব্যবসায়ী হাজী ঠাণ্ডু রহমান, আব্দুল মালেক, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি, জয়নাল আবেদীন,প্যানেল মেয়র মজিবুল হক, ওসি তদন্ত একরামুল হক, সাবেক

জেলা পরিষদ সদস্য মিজানুর ররহমান,সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল হক, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হোসাইন বাদশা, পাপন রহমান, গোলাম সারোয়ার শামিম, লাভলু, শরিফুল মেম্বার প্রমুখ।

আলমডাঙ্গায় মাদক সেবন ও বিক্রির অপরাধে ২জনকে কারাদণ্ড

আলমডাঙ্গার পৌর এলাকায় মাদক সেবন ও বিক্রির অপরাধে দুই নারী ও পুরুষকে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ বৃহস্পতিবার বিকেলে এই সাজা প্রদান করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ।

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খাঁন জানান, শহরের এরশাদপুর মকবুল মোড় নামক এলাকায় এক যুবক প্রকাশ্যে মাদক সেবন করছে। এমন তথ্যের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।

এসময় দুই এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশনসহ মিন্টু হোসেন (৩৫) নামের এক সেবনকারীকে হাতেনাতে আটক করা হয়। এছাড়া হাউসপুর এলাকায় প্রকাশ্যে ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রির সময় আয়েশা খাতুন (৩০) নামের এক মাদক ব্যবসায়ী নারীকে আটক করা হয়।

পরে পৃথক ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মিন্টু হোসেন ও আয়েশা খাতুনকে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ। মাদক সেবনের দায়ে সাজাপ্রাপ্ত নারী ও যুবককে আলমডাঙ্গা থানা পুলিশের মাধ্যমে জেলহাজতে পাঠিয়ে দেওয়া হয়েছে।